

2023-10

# 14th Henry Dunant Memorial Moot Court Competition

Prothom Alo

---

---

<https://ar.iub.edu.bd/handle/11348/1102>

*Downloaded from IUB Academic Repository*



সর্বশেষ

জাতীয়

রাজনীতি

অর্থনীতি

আন্তর্জাতিক

খেলা

চট্টগ্রাম প্রতিদিন

সারাদেশ



🏠 / শিক্ষা

## আইএইচএল বিষয়ক মুট কোর্ট প্রতিযোগিতায় ৩০ বিশ্ববিদ্যালয়

✍️ শিক্ষা ডেস্ক

🕒 প্রকাশ: ০৫ অক্টোবর, ২০২৩ ১৩:৪৯



Share 0



ঢাকা: আন্তর্জাতিক মানবিক আইন (আইএইচএল) বিষয়ক ১৪তম হেনরি ডুনান্ট মেমোরিয়াল মুট কোর্ট প্রতিযোগিতার জাতীয় রাউন্ড আজ ঢাকায় শুরু হয়েছে।

আন্তর্জাতিক রেড ক্রস কমিটি (আইসিআরসি) ও ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ (আইইউবি) এর যৌথ আয়োজনে আয়োজিত এ প্রতিযোগিতার মূল উদ্দেশ্য হলো বন্ধুত্বপূর্ণ

অ্যাডভোকেস দক্ষতা। বকাশে সহায়তা করা।

৫ থেকে ৭ অক্টোবর এ প্রতিযোগিতায় দেশের ৩০টি বিশ্ববিদ্যালয়ের প্রায় ৯০ জন আইনের শিক্ষার্থী অংশ নিচ্ছে।

প্রতিযোগিতায় অংশগ্রহণকারীরা বিভিন্ন প্রতিযোগিতামূলক রাউন্ডে অংশ নেবে এবং একটি কাল্পনিক কেসে কীভাবে আন্তর্জাতিক মানবিক আইনের জ্ঞান ও অ্যাডভোকেসি দক্ষতা ব্যবহার করার পাশাপাশি কীভাবে এ আন্তর্জাতিক আইনি কাঠামোর মাধ্যমে সশস্ত্র সংঘাতে ক্ষতিগ্রস্ত মানুষের সুরক্ষার জন্য ব্যবহার করা যেতে পারে সে ব্যাপারে তাদের একটি নতুন দৃষ্টিভঙ্গি দেবে।

সুপ্রিম কোর্টের বিচারপতি, অধস্তন বিচার বিভাগের সদস্য, উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা, শিক্ষাবিদ, আইনজীবী এবং অনুশীলনকারীদের সমন্বয়ে গঠিত বিচারকদের বিভিন্ন প্যানেলের সামনে প্রতিযোগীরা তাদের আইনি যুক্তি উপস্থাপন করবে। বিজয়ী দল আগামী বছর হংকংয়ে অনুষ্ঠেয় আন্তর্জাতিক মানবিক আইন

(আইএইচএল) বিষয়ক মুট প্রতিযোগিতার এশিয়া-প্যাসিফিক রাউন্ডে বাংলাদেশের প্রতিনিধিত্ব করবে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রতিযোগীদের উদ্দেশ্যে প্রধান অতিথি পররাষ্ট্র মন্ত্রণালয়ের মেরিটাইম অ্যাফেয়ার্স অনুবিভাগের সচিব রিয়ার অ্যাডমিরাল (অব.) মো. খুরশেদ আলম বলেন, এ আয়োজনটি শুধুমাত্র মেধাবী আইনজীবীদের সমাবেশই নয় বরং এর মাধ্যমে আন্তর্জাতিক আইনের প্রতি সন্মিলিত অঙ্গীকার এবং আন্তর্জাতিক মানবিক আইনের ওপর আরও গবেষণা ও বিতর্কে ভবিষ্যৎ প্রজন্মের আইনজীবী এবং নীতিনির্ধারকদের অনুশীলনের একটি প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে।

বিশেষ অতিথির বক্তব্যে আইসিআরসি বাংলাদেশের ডেপুটি হেড অব ডেলিগেশন হেইকে কেম্পার বলেন, আন্তর্জাতিক মানবিক আইনের মূল চেতনা হলো সার্বজনীন মানবিক নীতি যা যুদ্ধের সময়েও মানুষের মর্যাদা রক্ষা করে।

তিনি আরও যোগ করেন: ‘উৎসুক তরুণ ছাত্রদের এ প্রতিযোগিতায় স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ দেখে আমি আনন্দিত। এ ধরনের আয়োজন আইএইচএলের প্রচার ও প্রসারে চমৎকার একটি ফোরাম হিসেবে কাজ করবে।

আইইউবির আইন বিভাগের উপদেষ্টা অধ্যাপক ড. বোরহান উদ্দিন খান বলেন, এ প্রতিযোগিতায় অংশগ্রহণের মাধ্যমে শিক্ষার্থীরা তাদের অ্যাডভোকেসি দক্ষতাকে ধারালো করার, দল গঠন শেখা এবং দলীয় কাজের মনোভাবকে আরও উন্নত করতে এবং নতুন নেটওয়ার্ক তৈরি করার সুযোগ পাচ্ছে।


আইসিআরসি এবং আন্তর্জাতিক রেড ক্রস এবং রেড ক্রিসেন্ট আন্দোলনের প্রতিষ্ঠাতা হেনরি ডুনাণ্টের নামানুসারে এ

প্রতিযোগিতাটি ২০০৫ সালে শুরু হওয়ার পর থেকে খ্যাতি এবং মর্যাদায় নিজের স্থান তৈরি করে নিয়েছে।

আইসিআরসি তার ম্যাভেটের অংশ হিসেবে বাংলাদেশে আইন বিষয়ক পেশাজীবী, আইনের ছাত্র, প্রশিক্ষক, নীতি-নির্ধারক এবং সশস্ত্র বাহিনীসহ সংশ্লিষ্টদের নিয়ে শিক্ষা, প্রশিক্ষণ এবং মুট কোর্ট প্রতিযোগিতার মাধ্যমে আন্তর্জাতিক মানবিক আইনের প্রচার ও প্রসার করে থাকে।

বাংলাদেশ সময়: ১৯৪৯ ঘণ্টা, অক্টোবর ০৫, ২০২৩

আরআইএস

 banglanews24 Google News channel বাংলাদেশিউজটোয়েন্টিফোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন.

শেয়ার করুন :     

## সম্পর্কিত খবর

Loading...

Loading...

Loading...

Loading...

